

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৯১.১৬-৫৪৩

তারিখ : ০৩/১০/২০১৬খ্রিঃ

বিষয় : বেসরকারি কারিগরি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যাদি ডাটাবেজে (Database) অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র : ১) অত্র কার্যালয় স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৯১.১৬-৫২০ তারিখ- ০৫/০৯/২০১৬খ্রিঃ।


কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সকলের যথাযথভাবে এমপিও সেবা ও বেতন ভাতা প্রদানের লক্ষ্যে ইনডেক্সধারী সকল শিক্ষক/কর্মচারীদের অনুমোদিত ট্রেড/স্পেশালাইজেশন এবং অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের তথ্য সম্বলিত ডাটাবেজ তৈরীর জন্য সূত্রে উল্লিখিত স্মারকে বিগত ২০/০৯/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি মাত্র ১০৬৩টি প্রতিষ্ঠানের এতদসংক্রান্ত তথ্য পাওয়া গেছে। অবশিষ্ট ৫৫৩টি প্রতিষ্ঠানের কোন তথ্য পাওয়া যায়নি। ফলে এ বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করা যায়নি।

২। যে সমস্ত প্রতিষ্ঠান অদ্যাবধি এতদসংক্রান্ত তথ্যাদি প্রেরণ করেননি তাদেরকে আগামী ১৫/১০/২০১৬খ্রিঃ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরের ওয়েব সাইট www.techedu.gov.bd এর Home Page হতে “এমপিও কারিগরি” বাটনে ক্লিক করে “অনলাইন ফরম পূরণ” বাটন থেকে অথবা Link: ns1.bdcom.com/~techedu/mpo_data/index.html এ প্রবেশ করে স্ব স্ব প্রতিষ্ঠানের সঠিক তথ্যাবলী Online এ Fill up করে Submit করতে হবে, তবে Submit করার পূর্বে পূরণকৃত ফরমের ০২(দুই) কপি প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত ০১(এক) কপিতে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলসহ অত্র অধিদপ্তরের নীচতলায় অবস্থিত “সেবা কেন্দ্রে” হাতে হাতে অথবা ডাকযোগে পৌঁছাতে হবে এবং অপর কপি প্রতিষ্ঠান সংরক্ষণ করবে।

৩। নির্ধারিত সময়ে ডাটাবেজ প্রস্তুত কাজে সঠিকভাবে তথ্য প্রেরণ না করার কারণে কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা প্রাপ্তিতে কোন সমস্যা হলে কারিগরি শিক্ষা অধিদপ্তর দায়ী থাকবে না।

এমতাবস্থায় বর্ণিত বিষয়ে স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক :

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক
বেসরকারি কারিগরি এমপিওভুক্ত (ভোকেশনাল/বিএম/মাদ্রাসা)
শিক্ষা প্রতিষ্ঠান সমূহ।

অনুলিপি :

✓ ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)